ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৪৬৫
পানিসাগর,২৭ জুন,২০২৫

**পানিসাগর ব্লকে জনসচেতনতা ও প্রশাসনিক শিবির অনুষ্ঠিত**

পানিসাগর ব্লকের অন্তর্গত ইন্দুরাইল ভিলেজের পদ্মবিল দুগঙ্গা এস.বি. স্কুলে আজ ধরতি আবা জনভাগীদারি অভিযানে এক জনসচেতনতা ও প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা চাঁদনী চন্দ্রন, পানিসাগর ব্লকের বিডিও মানস ভট্টাচার্য, ডি.সি.এম. বিশ্বজিৎ ভট্টাচার্য সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে জেলাশাসক ও সমাহর্তা চাঁদনী চন্দ্রন সংশ্লিষ্ট এলাকার জনগণের সাথে মতবিনিময় করেন। শিবিরে পানিসাগর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৪৪টি পি.আর.টি.সি., ৪৪টি এস.টি., ১৮টি ইনকাম সার্টিফিকেট পাওয়ার জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। এছাড়াও ১৯টি আধার কার্ড আপডেট করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৭৯টি আয়ুষ্মান কার্ড জেনারেশন করা হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ১০টি পি.এম. কিষাণ এবং ১১টি কিষাণ ক্রেডিট কার্ড পাওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে সামাজিক ভাতা সহ বিভিন্ন প্রকল্পে সহায়তা পাওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়।

*****